



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com)

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- মশিবো/বিদ্যা/১৫/ময়মন/১৮৪

তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ের নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রথম একাডেমিক স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৫(অংশ-২)৩৩১ তারিখ : ১১/১২/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ইসলামিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় -কে মৌলিক শর্তাবলী পূরণ করায় নিম্নলিখিত প্রচলিত সাধারণ শর্তে বিদ্যালয়টিকে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) ০১/০১/২০২২ থেকে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

### শর্তসমূহ

- এই অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায় দায়িত্ব বর্তাইবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হইলে অস্থায়ী স্বীকৃতি বাতিল করা হইবে।
- বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষক বা শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা প্রস্তুত করিয়া শ্রেণি কক্ষে পাঠদান করিতে হইবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করিতে হইবে।
- বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষ রোপন করিয়া সংরক্ষণের ব্যবস্থা করিতে হইবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যার্টাণ বর্হিভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা যৌথনামে (সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটির সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার) শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক দাখিল করিতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করিতে হবে।
- বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী সংখ্যা ও ফলাফল আরো বৃদ্ধি করিতে হবে।
- বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যত নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করিতে হবে।

প্রাপক : প্রধান শিক্ষক

ইসলামিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

(EIIN-138572)

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ১৮৪ (৯)

তারিখঃ ২৮/১২/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় কাযার্থে)
- অফিস কপি।

28.12.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।